

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

নম্বর-০৪.০০.০০০০.৪২৩.২২.০০৪.১৭.৪৯


তারিখঃ ১৪ বৈশাখ ১৪২৪  
২৭ এপ্রিল ২০১৭

**বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর বিদেশ যাত্রা এবং বিদেশ থেকে স্বদেশে প্রত্যাবর্তনকালে অনুসরণীয় রাষ্ট্রাচার।**

সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর সরকারি ও রাষ্ট্রীয় সফরে বিদেশ যাত্রা এবং সফর শেষে স্বদেশে প্রত্যাবর্তনকালে নিম্নোক্ত ব্যক্তিবর্গ বিমানবন্দরে উপস্থিত থাকিবেন:

- (১) মন্ত্রিসভার জ্যেষ্ঠতম দুই জন মন্ত্রী;
- (২) মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়;
- (৩) মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়;
- (৪) সংসদ উপনেতা, বাংলাদেশ জাতীয় সংসদ;
- (৫) চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ;
- (৬) জাতীয় সংসদের সংখ্যাগরিষ্ঠ দলের সাধারণ সম্পাদক;
- (৭) ডিপ্লোমেটিক কোরের প্রধান;
- (৮) স্বাগতিক দেশ/দেশসমূহের মিশন প্রধান;
- (৯) মন্ত্রিপরিষদ সচিব; মুখ্য সচিব; সেনা বাহিনী, নৌ বাহিনী ও বিমান বাহিনীর প্রধানগণ;
- (১০) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
- (১১) সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
- (১২) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়;
- (১৩) মহা পুলিশ পরিদর্শক;
- (১৪) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর;
- (১৫) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর;
- (১৬) রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়;
- (১৭) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর প্রধান/প্রতিনিধি (যদি মাননীয় প্রধানমন্ত্রী বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর বাণিজ্যিক ফ্লাইট ব্যবহার করেন)।

২। উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ০৭ মে ২০০৯ তারিখের মপবি-১/২/৯২-বিধি/৭৫ নম্বর স্মারকে জারিকৃত নির্দেশাবলি এতদ্বারা বাতিল করা হইল।

  
(মোঃ আবদুল ওয়াদুদ)  
অতিরিক্ত সচিব

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সেনা বাহিনী, নৌ বাহিনী ও বিমান বাহিনীর প্রধানগণ।
- ৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
- ৪। মহা পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
- ৫। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর।
- ৬। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর।
- ৭। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৮। রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়।
- ৯। মন্ত্রী, প্রধানমন্ত্রীর উপদেষ্টা এবং প্রতিমন্ত্রীগণের একান্ত সচিব।
- ১০। সংসদ উপনেতার একান্ত সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ।
- ১১। চীফ হুইপ-এর একান্ত সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ।
- ১২। উপসচিব, সরকার গঠন ও রাষ্ট্রাচার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ১৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।